

ভূমিকা

নবপ্রতিষ্ঠিত জিরোজিও কলেজে যোগদানের সময় থেকেই দীর্ঘকাল কলেজের সর্বাধিক দায়িত্ব বহন করতে হয়। আনুষ্ঠানিক ভাষাটা: লেকচারার-ইন-চার্জ। ফলে গবেষণার কাজ শেষ করে দাখিল করতে সময় লেগে গেল। অস্বস্তিও কম রইল না। তবু এই অসম্ভবও যে সম্ভব হলো : তার প্রধান প্রেরণা আমার গবেষণা-নির্দেশক কলিকাতা বিশ্ববিদ্যালয়ের স্বনামধন্য রবীন্দ্রনাথ ঠাকুর অধ্যাপক। তিনি অবশ্য যাদবপুর, বর্ধমান, কল্যাণী, কলকাতা সব বিশ্ববিদ্যালয়ের সব ছাত্রছাত্রীর জন্য বিগত চার দশক ধরে যা করে চলেছেন আমার জন্যও তাই করেছেন। কিন্তু আমার পক্ষে বিষয়টি স্মরণীয় বলেই উল্লেখ করলাম। সব প্রিয়জনের প্রতিটি সহযোগিতাই স্মরণ করছি কৃতজ্ঞতার সঙ্গে।

জুলাই ১৯৯৮

চৈতালি চট্টোপাধ্যায়

